

দৈনিক ইত্তেফাক

তারিখ:
 পৃষ্ঠা: ৩ সময়: ৬

ভবিষ্যৎ প্রজন্মকে ইংরেজী
 কম্পিউটার বিজ্ঞান ও ইসলামী
 শিক্ষায় দক্ষতা অর্জন
 করতে হবে

.....শিক্ষা প্রতিমন্ত্রী
 সিলেট অফিস ॥ শিক্ষা প্রতি-
 মন্ত্রী আনিস এহছানুল হক বলেছেন,
 শিক্ষাক্ষেত্র থেকে সন্ত্রাস দূর করে
 শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনতে
 সরকার অঙ্গীকারবদ্ধ। তিনি বলেন,
 পারিবারিক মূল্যবোধ ও ধর্মীয়
 মূল্যবোধ অনুসরণ করলে আমাদের
 সমাজ থেকে সন্ত্রাস, দুর্নীতি, অনি-
 যম তিরোহিত হবে। মন্ত্রী গত
 বৃহস্পতিবার সিলেট সরকারী মহিলা
 কলেজে সাইফুর রহমান অভিটরি-
 যামের নামফলক উন্মোচন অনু-
 ষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য
 রাখছিলেন। কলেজ অধ্যক্ষ মোদা-
 ক্বের আলীর সভাপতিত্বে অধ্যা-
 পিকা শামীমা চৌধুরীর পরি-
 চালনায় অন্যদের মধ্যে বক্তব্য
 রাখেন শাব্বির খণ্ডকালীন শিক্ষক
 ডঃ কবীর চৌধুরী, জেলা প্রশাসক
 হাসানুর রহমান প্রমুখ।
 মন্ত্রী বলেন, যুগের সঙ্গে তাল
 মিলিয়ে আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে
 ইংরেজী, কম্পিউটার সাইন্স, ইস-
 লামিক শিক্ষায় দক্ষতা অর্জন করতে
 হবে। তিনি 'একটি জাতীয় শিক্ষাই
 হলো মূল স্তম্ভ' উল্লেখ করে এজন্য
 শিক্ষক ও অভিভাবক মহলকে
 বিশেষভাবে এগিয়ে আগার আহ্বান
 জানান এবং তিনি সরকারের শিক্ষা-
 খাতে বিভিন্ন যুগান্তকারী গৃহীত
 পদক্ষেপের কথা উল্লেখ করেন।